আমাদের সময়

তারিখ 16 JAN 2016
পৃষ্ঠা ৭ কলাম ৬

# শিক্ষা নিয়ে বাণিজ্য বন্ধের দাবি ক্যাবের

**চট্টগ্রাম ব্যুরো ●**
শিক্ষা নিয়ে বাণিজ্য বন্ধের দাবি জানিয়েছেন ক্রেতা-ভোক্তা স্বার্থ সংরক্ষণকারী প্রতিষ্ঠান কনজুমারস অ্যাসোসিয়েশন অব বাংলাদেশ (ক্যাব)। গতকাল এক প্রেস বিজ্ঞপ্তিতে চট্টগ্রামের সরকারি ও বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানগুলোর শিক্ষা কার্যক্রম নিয়ে গভীর উদ্বেগ প্রকাশ করেন তারা।

বিজ্ঞপ্তিতে অবিলম্বে সরকারি বিদ্যালয়গুলোয় আসন সংখ্যা বৃদ্ধিসহ সরকারি ও বেসরকারি বিদ্যালয়গুলোর ভর্তি-বাণিজ্য বন্ধে কঠোরভাবে মনিটরিংয়ের ব্যবস্থা গ্রহণের দাবি জানান ক্যাব চট্টগ্রামের নেতারা।

বিজ্ঞপ্তিতে আরও জানানো হয়, সম্প্রতি চট্টগ্রাম সিটি করপোরেশন, চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষ, চট্টগ্রাম বন্দর, সেনাবাহিনী, নৌবাহিনীসহ বিভিন্ন স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান পরিচালিত স্কুলে ভর্তি, পুনঃভর্তি ও টিউশন ফি প্রায় দ্বিগুণ করা হয়েছে। সরকারের ঘোষণা অনুযায়ী সরকারি স্কুলগুলোয় আসন সংখ্যা বৃদ্ধির কথা বলা হলেও তা করা হয়নি। বিভিন্ন কোটায় বিভক্ত করে সাধারণ শিক্ষার্থীদের আসন সংখ্যা আরও কমে গেছে। ফলে স্কুলে সন্তানদের ভর্তি নিয়ে দুর্ভাবনায় পড়েছেন নগরবাসী। বিবৃতিতে স্বাক্ষর করেন ক্যাব কেন্দ্রীয় নির্বাহী কমিটির ভাইস প্রেসিডেন্ট এসএম নাজের হোসাইন, ক্যাব চট্টগ্রাম বিভাগীয় সাধারণ সম্পাদক কাজী ইকবাল বাহার ছাবেরী, ক্যাব মহানগরের সভাপতি জেসমিন সুলতানা পারু, সাধারণ সম্পাদক অজয় মিত্র শংকু প্রমুখ।